

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

বিজ্ঞপ্তি নং- নীঃসংকঃ ৩৭৭/২০২৪

<https://www.ngc.edu.bd> <https://nilgc.eshiksabd.com>

তারিখ: ১০ শ্রাবন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৪ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নীলফামারী সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক আস্তঃ শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুসারে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি প্রদান করে প্রাথমিক ভর্তি নিশ্চয়নকৃত ছাত্র-ছাত্রীদের অনলাইনে ভর্তির কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে ভর্তি সম্পন্নকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত তারিখে অভিভাবকসহ উপস্থিত হয়ে ভর্তি ফরম জমা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

ভর্তি সংক্রান্ত তথ্য :

১। অনলাইনে ভর্তি সম্পন্নকৃত শিক্ষার্থীর ভর্তির আবেদন ফরম জমা প্রদানসহ সাক্ষাৎকারে অংশগ্রহণের তারিখঃ

| ব্যবসায় শিক্ষা শাখা, কোটা ও পাঠ বিরতি | মানবিক শাখা | বিজ্ঞান শাখা |
|--|------------------|------------------|
| ২৮/০৭/২০২৪ খ্রি. | ২৯/০৭/২০২৪ খ্রি. | ৩০/০৭/২০২৪ খ্রি. |

শাখাওয়ারী একনজরে ভর্তি ফিঃ

বিজ্ঞান শাখাঃ ছাত্র- ৩৫৯০/- ছাত্রী- ৩৩৫০/-
মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখাঃ ছাত্র- ৩৪৯০/- ছাত্রী- ৩২৫০/-
(যাদের পাঠ বিরতি আছে তাদের পাঠ বিরতি ফি বাবদ ১৫০/- অতিরিক্ত প্রদান করতে হবে।)

কলেজে অনলাইনে ভর্তির নির্দেশনাবলী: শিক্ষার্থীদেরকে কলেজের ওয়েবসাইট (<https://nilgc.eshiksabd.com>) এ প্রবেশ করে

User Name: nilgcstudent

Password: nilgcstudent

ব্যবহার করে মূল প্যানেলে প্রবেশ করতে হবে।

ভর্তির প্রক্রিয়াঃ <https://nilgc.eshiksabd.com> এ Login করার পর Admission এ ক্লিক করে +Click for New Admission এ ক্লিক করতে হবে। অতঃপর Select Group থেকে HSC সিলেক্ট করে, Select Department থেকে HSC Group সিলেক্ট করে Admission Roll দিয়ে Check for Admission এ ক্লিক করতে হবে। তারপর যাবতীয় তথ্য পূরণ করে Save এ ক্লিক করার পর টাকার পরিমাণসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে।

পেমেন্ট পদ্ধতিঃ শিক্ষার্থীরা Bkash Apps এর Education Fee→Nilphamari Govt College→ Student ID (Admission Roll) → দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে কলেজের ভর্তির রোল পড়বে এবং শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে। এরপর শিক্ষার্থীকে পুনরায় <https://nilgc.eshiksabd.com> এ Login করে Application Form Reprint এ ক্লিক করে Admission Roll দিয়ে পূরণকৃত ভর্তির ফরম এবং পেমেন্ট স্লিপ ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ কমিটির নিকট জমা প্রদান করতে হবে।

প্রয়োজনীয় নির্দেশনা ও কাগজপত্রাদি:

- কোটায় নির্বাচিত শিক্ষার্থীকে কোটার স্বপক্ষে মূল সনদপত্র/ ডকুমেন্ট এবং সত্যায়িত ফটোকপি সহ ২৮/০৭/২০২৪ খ্রি. তারিখে ভর্তি কমিটির নিকট উপস্থিত হতে হবে। অতঃপর তাদের তথ্যাদি অনলাইনে প্রদান করা হবে এবং পাঠ বিরতি ও কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ঐ দিনেই ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- মানবিক শাখায় ভর্তির ক্ষেত্রে অনলাইনে ফরম পূরণের পূর্বে ঐচ্ছিক বিষয় নির্বাচনের জন্য ভর্তি কমিটির নিকট এসে শিক্ষার্থীদের ঐচ্ছিক বিষয় নির্ধারণ করে নিতে হবে।
- ভর্তির সময় যেসকল কাগজপত্র জমা দিতে হবেঃ

১ম সেটঃ

- পাসপোর্ট সাইজের ছবি-২ কপি
- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (ক্লাস রোলসহ)
- এস এস সি পরীক্ষার নম্বরপত্রের অনলাইন কপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি- ১ কপি
- শিক্ষার্থীর জন্মসনদের ফটোকপি- ১ কপি
- শিক্ষার্থীর পিতার NID এর ফটোকপি- ১ কপি
- শিক্ষার্থীর মাতার NID এর ফটোকপি- ১ কপি
- স্বাক্ষরিত অঙ্গীকারনামা (শিক্ষার্থী ও অভিভাবক)

** ১ম সেট (স্ট্যাপলকৃত) ও ২য় সেট (স্ট্যাপলকৃত) একত্রে স্ট্যাপল করে দিতে হবে।

** শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র A4 খামের ভিতর দিতে হবে।

** যেসকল শিক্ষার্থীর পাঠ বিরতি রয়েছে তাদেরকে অবশ্যই এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট খামের ভিতর দিতে হবে।

খামের উপর লিখতে হবে-

শিক্ষার্থীর নামঃ

শিক্ষাবর্ষঃ

শিক্ষার্থীর ক্লাস রোলঃ

বিভাগের নামঃ বিজ্ঞান/মানবিক/ ব্যবসায় শিক্ষা

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁইয়া)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
- বিভাগীয় প্রধান, অত্র কলেজ।
- প্রধান সহকারী, অত্র কলেজ (বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- হিসাবরক্ষক/ক্যাশিয়ার, অত্র কলেজ।
- অফিস নথি।

<https://nilgc.eshiksabd.com>

২য় সেটঃ

- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (ক্লাস রোলসহ)
- এস এস সি পরীক্ষার নম্বরপত্রের অনলাইন কপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ কপি
- এস এস সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি- ১ কপি
- শিক্ষার্থীর পিতার NID এর ফটোকপি- ১ কপি
- শিক্ষার্থীর মাতার NID এর ফটোকপি- ১ কপি
- স্বাক্ষরিত অঙ্গীকারনামা (শিক্ষার্থী ও অভিভাবক)

২৫.০৭.২০২৪

(মোঃ গোলাম মাজেদ)

সহযোগী অধ্যাপক (পদার্থবিজ্ঞান) ও আহবায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি/২০২৪-২০২৫

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।



<https://facebook.com/nilgcpge>